

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৭৭

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ লাইলাতুল কদর রমযানের শেষ দশকের বেজোড় রাতে; জোড় রাতে নয় মর্মে বর্ণনা

ذَكَرُ الْبَيَانِ بَأَنَّ لَيْلَةَ الْقَدْرِ تَكُونُ فِي الْعَشْرِ الْآخِرِ مِنْ رَمَضَانَ فِي الْوَتْرِ مِنْهَا لَا فِي الشَّفْعِ

আরবী

3677 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ قَالَ: أَتَيْتُ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ فَقُلْتُ: يَا أَبَا سَعِيدٍ أَخْرُجْ بِنَا إِلَى النَّخْلِ نَتَحَدَّثُ قَالَ: نَعَمْ فَدَعَا بِخَمِيصَةٍ يَلْبَسُهَا ثُمَّ خَرَجَ فَقُلْتُ: يَا أَبَا سَعِيدٍ هَلْ سَمِعْتَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَذْكُرُ لَيْلَةَ الْقَدْرِ؟ قَالَ: نَعَمْ اعْتَكَفْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعَشْرِ مِنْ رَمَضَانَ فَلَمَّا كَانَ صَبِيحَةَ عَشْرِينَ قَامَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (مَنْ كَانَ خَرَجَ؛ فَلْيَرْجِعْ؛ فَإِنِّي أُرِيتُ لَيْلَةَ الْقَدْرِ، وَإِنِّي أَنْسِيْتُهَا وَإِنِّي رَأَيْتُ أَنِّي أَسْجُدُ فِي مَاءٍ وَطِينٍ، فَالْتَمِسُوهَا فِي الْعَشْرِ الْآخِرِ مِنْ شَهْرِ رَمَضَانَ فِي وَتْرِ) قَالَ: أَبُو سَعِيدٍ وَمَا نَرَى فِي السَّمَاءِ قَزَعَةً فَلَمَّا كَانَ اللَّيْلُ إِذَا السَّحَابُ أَمْثَالُ الْجِبَالِ فَمُطَرْنَا حَتَّى سَالَ سَقْفُ الْمَسْجِدِ قَالَ: وَسَقْفُهُ يَوْمِئِذٍ مِنْ جَرِيدِ النَّخْلِ حَتَّى رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَجَدَ فِي مَاءٍ وَطِينٍ حَتَّى رَأَيْتُ الطِّينَ فِي أُرْنَبَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي : أَبُو سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3676 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1251): ق.

বাংলা

৩৬৭৭. আবু সালামাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি একবার আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহুর কাছে এসে বললাম, হে আবু সাঈদ রাদিয়াল্লাহু আনহু, আমাদের সাথে খেজুর বাগানে চলুন, আমরা আলোচনা করি।” জবাবে তিনি বলেন, “হ্যাঁ, ঠিক আছে।” অতঃপর তিনি পরিধানের জন্য একটা চাদর আনতে বলেন। তারপর তিনি বের হন। তখন আমি বললাম, “হে আবু সাঈদ রাদিয়াল্লাহু আনহু, আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে লাইলাতুল কদর সম্পর্কে আলোচনা করতে শুনেছেন।” জবাবে তিনি বলেন, “হ্যাঁ। আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে রমযানের ১০ দিন ইতিকাফ করি। অতঃপর ২০ রমযানের ভোরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের মাঝে দাঁড়ান এবং বলেন, “যে ব্যক্তি (ইতিকাফের স্থান থেকে) বের হয়ে গেছে, সে যেন ফিরে আসে। কেননা আমাকে লাইলাতুল কদর দেখানো হয়েছে এবং আমাকে সেটা ভুলিয়ে দেওয়া হয়েছে। আমি দেখেছি যে, আমি পানি ও কাদা মাটিতে সাজদা করছি। কাজেই তোমরা রমযানের শেষ দশকের বেজোড় রাতে তা তালাশ করো।”

আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু বলেন, “আমরা আসমানে এক টুকরো মেঘও দেখছিলাম না। অতঃপর যখন রাত হলো, তখন পাহাড়ের মতো মেঘ ধারণ করলো। তারপর বৃষ্টি বর্ষিত হলো, এমনকি মাসজিদের ছাদ প্লাবিত হয়ে যায়।” তিনি বলেন, “সেসময় ছাদ খেজুর গাছের ডালের ছিল। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পানি ও কাদা মাটিতে সাজদা করতে দেখেছি। এমনকি আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাকের ডগায় কাদা মাটি দেখতে পাই।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১৬৭; সুনান বাইহাকী: ৪/৩২০; আত তায়ালিসী: ২১৮৭; মুসনাদ আহমাদ: ৩/৬০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭৬-৭৭; সহীহুল বুখারী: ৬৬৯; ইবনু মাজাহ: ১৭৬৬; আবু ইয়ালা: ১১৫৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮৬৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৫১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সালামাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93014>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন